জরুরি

নৌবাহিনী সদরদপ্তর
অপারেশন্স শাখা
নৌ পরিকল্পনা পরিদপ্তর
বনানী, ঢাকা ১২১৩
www.navy.mil.bd

ফোনঃ ৮৭১১৪০০-৯ বর্ধিত ২১৩৩
E-mail: dnp@navy.mil.bd

বৈশাখ ১৪২৩

০৬.০২.২৬২৬.১২৩.৫৫.০০১.১৬. এপ্রিল ২০১৬

**সরকারের ০৭ (সাত) বছরের অগ্রগতির তথ্য প্রচারের ব্যবস্থাকরণ সম্পর্কিত**

সূত্র ঃ

ক। প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং ২৩.০০.০০০০.১৫০.১৬.০১৩.১৪.৭২ তারিখ ১০ মার্চ ২০১৬।

১। সূত্র পত্রের আলোকে সরকারে গত ০৭ (সাত) বছরের বাংলাদেশ নৌবাহিনী সংশ্লিষ্ট অগ্রগতির তথ্য নিম্নে উল্লেখ করা হল ঃ

ক। **নৌবহরে যুদ্ধজাহাজ সংযোজন**। বিগত ০৭ (সাত) বছরে নৌবাহিনীতে নিম্মোক্ত জাহাজসমূহ সংযোজিত হয়েছে ঃ

| জাহাজ | ধরণ | তৈরীর দেশ | বাংলাদেশ নৌবাহিনীতে কমিশনিং তারিখ | কমিশনিং এর প্রধান অতিথি | জাহাজের বিশেষত্ব |
|---|---|---|---|---|---|
| বানৌজা অনুসন্ধান | হাইড্রোগ্রাফিক ভেসেল | যুক্তরাজ্য | ২৯ ডিসেম্বর ২০১০ | মাননীয় প্রধানমন্ত্রী | সমুদ্রে জরীপ কার্যে নিয়োজিত |
| বানৌজা বিজয় ও বানৌজা ধলেশ্বরী | করভেট | যুক্তরাজ্য | ০৫ মার্চ ২০১১ | মাননীয় প্রধানমন্ত্রী | সমুদ্র সীমানা টহলে দীর্ঘসময় যাবৎ নিয়োজিত থাকতে পারে |
| বানৌজা পদ্মা | প্যাট্রোল ক্রাফট | বাংলাদেশ | ২৪ জানুয়ারি ২০১৩ | মাননীয় প্রধানমন্ত্রী | সমুদ্র উপকূলীয় অঞ্চলে টহলে নিয়োজিত থাকে |
| বানৌজা সুরমা | প্যাট্রোল ক্রাফট | বাংলাদেশ | ২৯ আগস্ট ২০১৩ | মাননীয় প্রধানমন্ত্রী | সমুদ্র উপকূলীয় অঞ্চলে টহলে নিয়োজিত থাকে |
| বানৌজা দুর্জয় ও বানৌজা নির্মূল | লার্জ প্যাট্রোল ক্রাফট | চীন | ২৯ আগস্ট ২০১৩ | মাননীয় প্রধানমন্ত্রী | সমুদ্র সীমানা টহলে নিয়োজিত থাকে |
| বানৌজা অপরাজেয়, বানৌজা অদম্য এবং বানৌজা অতন্দ্র | প্যাট্রোল ক্রাফট | বাংলাদেশ | ২৩ ডিসেম্বর ২০১৩ | মহামান্য রাষ্ট্রপতি | সমুদ্র উপকূলীয় অঞ্চলে টহলে নিয়োজিত থাকে |
| বানৌজা সমুদ্র জয় | ফ্রিগেট | যুক্তরাষ্ট্র | ২৩ ডিসেম্বর ২০১৩ | মহামান্য রাষ্ট্রপতি | সমুদ্র সীমানা টহলে দীর্ঘসময় যাবৎ নিয়োজিত থাকতে পারে |
| বানৌজা আবু বকর ও বানৌজা আলী হায়দার | ফ্রিগেট | চীন | ০১ মার্চ ২০১৪ | মাননীয় প্রধানমন্ত্রী | সমুদ্র সীমানা টহলে দীর্ঘসময় যাবৎ নিয়োজিত থাকতে পারে |
| বানৌজা খান জাহান আলী | ফ্লিট ট্যাংকার | বাংলাদেশ | ০৬ সেপ্টেম্বর ২০১৫ | মাননীয় প্রধানমন্ত্রী | বাংলাদেশ নৌবাহিনীর জাহাজসমূহে জ্বালানী সরবরাহের কাজে নিয়োজিত |
| বানৌজা সন্দীপ ও বানৌজা হাতিয়া | এলসিইউ | বাংলাদেশ | ০৬ সেপ্টেম্বর ২০১৫ | মাননীয় প্রধানমন্ত্রী | দুর্যোগ ও শান্তিকালীন সময়ে ত্রাণ পরিবহন কাজে নিয়োজিত |
| এলসিটি-১০৩ ও এলসিটি-১০৫ | এলসিটি | বাংলাদেশ | ০৬ সেপ্টেম্বর ২০১৫ | মাননীয় প্রধানমন্ত্রী | নদীবন্দর এলাকায় টহল প্রদান কাজে নিয়োজিত |
| নৌ কল্যাণ-১ ও নৌ কল্যাণ- ২ | কন্টেইনার ভেসেল | বাংলাদেশ | ০৬ সেপ্টেম্বর ২০১৫ | - | বিভিন্ন মালামাল পরিবহন কাজে নিয়োজিত |
| বানৌজা সমুদ্র অভিযান | ফ্রিগেট | যুক্তরাষ্ট্র | ১৯ মার্চ ২০১৬ | মাননীয় প্রধানমন্ত্রী | সমুদ্র সীমানা টহলে দীর্ঘসময় যাবৎ নিয়োজিত থাকতে পারে |
| বানৌজা স্বাধীনতা ও বানৌজা প্রত্যয় | করভেট | চীন | ১৯ মার্চ ২০১৬ | মাননীয় প্রধানমন্ত্রী | সমুদ্র সীমানা টহলে দীর্ঘসময় যাবৎ নিয়োজিত থাকতে পারে |

খ। **আকাশযান সংযোজন।** গত ০৭ (সাত) বছরে বাংলাদেশ নৌবাহিনীতে নিম্মোক্ত আকাশযান সমূহ সংযোজিত হয়েছে ঃ

| আকাশযান | তৈরীর দেশ | বাংলাদেশ নৌবাহিনীতে কমিশনিং তারিখ | কমিশনিং কর্তৃক | বিশেষত্ব |
|---|---|---|---|---|
| ২টি হেলিকপ্টার | ইতালী | ২৭ ডিসেম্বর ২০১১ | মাননীয় প্রধানমন্ত্রী | সমুদ্র এলাকায় দ্রুত নজরদারী, জরুরী সেবা ও সরবরাহ |
| ২টি মেরিটাইম প্যাট্রোল এয়ারক্রাফট (এমপিএ) | জার্মানী | ২৯ আগস্ট ২০১৩ | মাননীয় প্রধানমন্ত্রী | একান্ত অর্থনৈতিক এলাকায় সার্বক্ষণিক নজরদারী |

গ। **নতুন ঘাঁটি।** বর্তমান সরকারের গত ০৭ বছরে বাংলাদেশ নৌবাহিনী সম্প্রসারণের লক্ষ্যে নিম্মোক্ত নতুন ঘাঁটি/সংস্থা কমিশনিং করা হয়েছে ঃ

| ঘাঁটি/সংস্থা | কমিশনিং তারিখ | কমিশনিং কর্তৃক | বিশেষত্ব |
|---|---|---|---|
| বানৌজা নির্ভীক | ২৭ ডিসেম্বর ২০১১ | মাননীয় প্রধানমন্ত্রী | Special Warfare Diving and Salvage (SWADS) এর সুবিধা সম্বলিত ঘাঁটি বানৌজা নির্ভীক কমিশনিং করা হয়। |
| নেভাল এভিয়েশন | ২৭ ডিসেম্বর ২০১১ | মাননীয় প্রধানমন্ত্রী | বাংলাদেশ নৌবাহিনীতে সংযোজিত আকাশযানসমূহের সুষ্ঠু পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সুবিধার জন্য নেভাল এভিয়েশন কমিশনিং করা হয়। |
| বানৌজা শের-ই-বাংলা | ১৯ নভেম্বর ২০১৩ | মাননীয় প্রধানমন্ত্রী | বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের বিশাল সমুদ্র উপকূলবর্তী এলকায় নৌবাহিনীর জাহাজসমূহের অপারেশনাল ও যোগাযোগের সুবিধার জন্য বানৌজা শের-ই-বাংলা ঘাঁটির ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়। |

ঘ। **জমি অধিগ্রহণ/হস্তান্তর।** বর্তমান সরকারের গত ০৭ বছরে বাংলাদেশ নৌবাহিনী সম্প্রসারণের লক্ষ্যে নিম্মোক্ত পরিমাণ জমি অধিগ্রহণ/হস্তান্তর করা হয়েছে ঃ

| ক্রমিক | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১। | ১৮.৫৮ একর জমি | বানৌজা তিতুমীর সম্প্রসারণের লক্ষ্যে স্থায়ী বন্দোবস্থ/হস্তান্তর করা হয়েছে। |
| ২। | ৪.৫৬ একর জমি | ফরওয়ার্ড বেস কক্সবাজার সম্প্রসারণের লক্ষ্যে স্থায়ী বন্দোবস্থ/হস্তান্তর করা হয়েছে। |
| ৩। | ৬৩.০০ একর জমি | বাংলাদেশ নেভাল একাডেমি সম্প্রসারণের লক্ষ্যে পার্শ্ববর্তী জমি অধিগ্রহণ কার্যক্রম প্রক্রিয়াধিন রয়েছে। |
| ৪। | ১৯.৫ একর জমি | ভবিষ্যৎ নৌস্থাপনা সম্প্রসারণের লক্ষ্যে তেজগাঁও পুরাতন বিমান বন্দর সংলগ্ন শাহীনবাগ এলাকায় জমি অধিগ্রহণ করা হয়েছে। |

ঙ। **মানব সম্পদ উন্নয়নে নৌবাহিনীর অবদান।** বিগত ০৭ বছরে বেকার সমস্যা, নারী সম্পদ/ক্ষমতায়ন, বিদেশ মিশন এবং সাংগঠনিক কাঠামো উন্নীত সাধিত হয়েছেঃ

(১) **বেকার সমস্যা দূরীকরণ।** বিগত ০৭ বছরে ৬২৪ জন অফিসার ক্যাডেট, ১৮১ জন সরাসরি কমিশন্ড অফিসার এবং চৌকস নাবিক হতে ৮৫ জন এসডি অফিসার কমিশন লাভ করে। এছাড়া মোট ৫১১৮ জন নাবিক ও ৭১১ জন বেসামরিক কর্মকর্তা/কর্মচারী সরাসরি নিয়োগ দেয়া হয়েছে।

(২) **নারী ক্ষমতায়ন/নারী সম্পদ উন্নয়ন।** বাংলাদেশ নৌবাহিনীতে পুরুষের পাশাপাশি ১১৭ জন নারী কর্মকর্তা এবং ৪৫ জন মহিলা নাবিক ভর্তি করা হয়েছে।

(৩) **জাতিসংঘ শান্তিরক্ষা মিশন।** সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় জাতিসংঘ মিশনে বর্তমানে দুটি নৌ যুদ্ধজাহাজ ২৮৫ জন জনবলসহ মোতায়েন রয়েছে। এছাড়া UNMISS মিশনে ২০৪ জন জনবল এবং চৌদ্দটি হাইস্পিড বোট ও UNOCI মিশনে ২৮ জন জনবল এবং দুটি হাইস্পিড বোট মোতায়েন রয়েছে। এছাড়াও বিশ্বব্যাপী বিভিন্ন মিশনে ৩৬৮ জন কর্মকর্তা এবং ৩৪৮২ জন নাবিক ও স্টাফ সহ সর্বমোট ৩৮৫০ জন অংশগ্রহণের সুযোগ পেয়েছে।

(৪) **সাংগঠনিক কাঠামো।** নৌপ্রধানের পদকে এডমিরাল পদে উন্নীত করাসহ ০৬টি কমডোর পদকে রিয়ার এডমিরাল পদে এবং বেশ কয়েকটি উল্লেখযোগ্য গুরুত্বপূর্ণ পদের পদবী উন্নতিকরণ সম্পন্ন করা হয়েছে। পাশাপাশি নৌবাহিনীর বিভিন্ন জাহাজ/ঘাঁটি/অফিসে ১৬৩২ জন নতুন পদ সৃজন হয়েছে।

চ। **জাতীয় শিক্ষা ক্ষেত্রে অবদান।**

(১) **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি প্রতিষ্ঠা।** দেশীয় ও আন্তর্জাতিক মেরিটাইম জগতের চাহিদার প্রেক্ষিতে মেরিটাইম বিশেষজ্ঞ তৈরি করা এবং শিপ বিল্ডিং, নেভাল আর্কিটেকচার, মেরিন সেফটি এন্ড সিকিউরিটি, মেরিটাইম ল এন্ড এডমিনিস্ট্রেশন এবং নৌসংশ্লিষ্ট নতুন নতুন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাদান ও গবেষণার নিমিত্তে **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি** নামে বাংলাদেশে একটি আন্তর্জাতিক মানের মেরিটাইম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে।

(২) **এডিপির অর্থায়নে শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ।** গত ২০১৩ সালে ৪ তলা বিশিষ্ট বিএন স্কুল কাপ্তাইয়ের ০২ (দুই) কক্ষের নিচতলা ভবন নির্মাণ করা হয়েছে। এছাড়া চট্টগ্রাম ও খুলনা নৌ অঞ্চলে বিএন স্কুল ও কলেজের জন্য আনুষঙ্গিক উপকরণাদিসহ ৫ তলা একাডেমিক ভবন এবং বিএন স্কুল ও কলেজ মংলায় ৫ম তলা একাডেমিক ভবন নির্মাণ করা হয়েছে।

(৩) **আশার আলো।** নৌসদস্যদের প্রতিবন্ধী সন্তান ও সমাজের প্রতিবন্ধী শিশুদের সাধারণ শিক্ষা ও বৃত্তিমূলক শিক্ষা অর্জন করে স্বনির্ভর নাগরিক হিসেবে গড়ে উঠার লক্ষ্যে নৌবাহিনীর ব্যবস্থাপনায় ও পরিচালনায় 'আশার আলো' নামক প্রতিষ্ঠানের মাধ্যমে প্রতিবন্ধী শিশুদের শিক্ষা কার্যক্রম সফলতার সহিত পরিচালিত হয়ে আসছে।

(৪) **নৌবাহিনীর নিজস্ব অর্থায়নে ভৌত ও অবকাঠামোগত উন্নয়ন।** গত ০৭ বছরে নৌবাহিনীর অর্থায়নে নেভি এ্যাংকরেজ চট্টগ্রাম ও বিএন ইংলিশ স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম, নেভি এ্যাংকরেজ খুলনা ও বিএন ইংলিশ স্কুল এন্ড কলেজ খুলনা, নেভি এ্যাংকরেজ ঢাকা, শিশু নিকেতন চট্টগ্রাম এবং আশার আলো ভবন নির্মাণ করা হয়েছে।

ছ। **সেবামূলক কর্মকান্ড।**

(১) **আশ্রয়ণ প্রকল্প।** গত ০৭ বছরে হস্তান্তরকৃত আশ্রয়ণ প্রকল্প এর বিবরণী নিম্নরূপঃ

| অর্থ বছর | জেলা/উপজেলা/ প্রজেক্টের নাম | ব্যারাক সংখ্যা | হস্তান্তর |
|---|---|---|---|
| ২০০৮-২০০৯ | ভোলা/ লালমোহন/ সদর/ তজুমুদ্দিন/ চরফ্যাশন<br>সাতক্ষীরা/ কালীগঞ্জ/ শ্যামনগর<br>খুলনা/ পাইকগাছা<br>পটুয়াখালী/ মির্জাপুর/ কলাপাড়া/ গলাচিপা বরিশাল/ মেহন্দীগঞ্জ<br>কক্সবাজার/ মহেশখালী/ কুতুবদিয়া | ২০৮ টি<br>সিআইসিট | হস্তান্তরকৃত |
| ২০০৯-২০১০ | খুলনা/কয়রা/বাগালী | ১৬ টি<br>(০৫ ইউনিট পাকা ব্যারাক) | হস্তান্তরকৃত |
| ২০১০-২০১১ | কক্সবাজার/কুতুবদিয়া/মহেশখালী<br>বরগুনা/আমতলী<br>ভোলা/চরফ্যাশন | ১৯৬ টি<br>(০৫ ইউনিট পাকা ব্যারাক) | হস্তান্তরকৃত |
| ২০১১-২০১২ | ভোলা/বোরহানউদ্দিন/কচিয়া<br>বাগেরহাট/মংলা/মাকড়ঢোন-২<br>ভোলা/মনপুরা/মিয়া জমির শাহ/কলাতলী<br>ভোলা/মনপুরা/উত্তর সাকুচিয়া<br>বরগুনা/আমতলী/ঘটখালী<br>পটুয়াখালী/গলাচিপা/জাহাজ মারা<br>বরিশাল/মেহেন্দীগঞ্জ/গাগরিয়া-১ ও ২ | ১৬১ টি<br>(০৫ ইউনিট পাকা ব্যারাক) | হস্তান্তরকৃত |
| ২০১২-২০১৩ | কক্সবাজার/মহেশখালী/ ঘটিভাংগা প্রকল্প<br>কক্সবাজার/ মহেশখালী/ দিনেশপুর প্রকল্প<br>ভোলা /মনপুরা /মিয়া জমিরশাহ-১<br>ভোলা /মনপুরা / কলাতলী<br>ভোলা /মনপুরা/কলাতলী -৪<br>ভোলা/তজুমদ্দিন / আপনজন -১<br>ভোলা /তজুমদ্দিন / তজুমদ্দিন<br>ভোলা/ তজুমদ্দিন/সোনাপুর-১ | ২০৭ টি<br>(০৫ ইউনিট বিশিষ্ট পাকা ব্যারাক) | হস্তান্তরকৃত |
| ২০১৩-২০১৪ | ভোলা/দৌলতখান/মদনপুর-২<br>কক্সবাজার/মহেশখালী/দিনেশপুর<br>ভোলা/দৌলতখান/চরমুনসী<br>ভোলা/তজুমদ্দিন /চর মোজাম্মেল বর্ণালী<br>ভোলা/তজুমদ্দিন/চর মোজাম্মেল স্বর্ণালী<br>ভোলা/তজুমদ্দিন /চর মোজাম্মেল<br>ভোলা/তজুমদ্দিন/ শেরে-বাংলা<br>ভোলা/মনপুরা /জেলিন<br>ভোলা/চরফ্যাশন/জাহানপুর মাওলানা ভাসানী<br>ভোলা/চরফ্যাশন/চর ফকিরা (রিয়াল)<br>ভোলা/চরফ্যাশন/চর মোতাহার (নিলীমা)<br>ভোলা/চরফ্যাশন/চর মোতাহার (শান্ত)<br>ভোলা/চরফ্যাশন/ফরিদাবাদ (ইমন)<br>বাগরহাট /মংলা /পাকখালি | ২৪৪টি<br>(০৫ ইউনিট বিশিষ্ট পাকা ব্যারাক) | হস্তান্তরকৃত |

| অর্থ বছর | জেলা/উপজেলা/ প্রজেক্টের নাম | ব্যারাক সংখ্যা | হস্তান্তর |
|---|---|---|---|
| ২০১৪-২০১৫ | ভোলা/তজুমদ্দিন /চর মোজাম্মেল রূপালী<br>ভোলা, লালমোহন, তেতুলিয়া<br>ভোলা, লালমাহন, ফাতেমাবাদ<br>বরগুনা, সদর, পাকুর গাছিয়া<br>বরগুনা, রায়ভোগ<br>বরগুনা, সদর, নিমতলী<br>ভোলা, তজুমুদ্দিন, জালাল উদ্দিন<br>ভোলা, তজুমুদ্দিন,জয়নাল আবদীন | ৫২টি<br>(০৫ ইউনিট বিশিষ্ট পাকা ব্যারাক) | হস্তান্তরকৃত |
| | **মোট** | **১০৮৪টি** | |

(২) **ইলিশ রক্ষা এবং জাটকা অভিযান।** গত ০৭ বছরে ইলিশ রক্ষা এবং জাটকা অভিযানে আটককৃত বোট, জেলে, কারেন্ট জাল এবং জাটকা নিম্নরূপঃ

| সাল | আটককৃত বোট | আটককৃত জেলে | আটককৃত কারেন্ট জাল (মিটার) | আটককৃত জাটকা (কেজি) |
|---|---|---|---|---|
| ২০০৯ | ০২ | - | ৬,৩৪,৭২,২০০ | ১,৬৬১ |
| ২০১০ | - | - | ৬,৩৮,৬৭,৪০৪ | ৯২২ |
| ২০১১ | ২১ | ০৭ | ৭,৫৬,১৫,৩৭০ | ১৫,০৪৩ |
| ২০১২ | ০১ | - | ৩,২৪,৪০,৫৯২ | ১৩,৯০০ |
| ২০১৩ | ১৮ | ১৩ | ৬,১১,৪৪,৩০২ | ৩,৫১৫ |
| ২০১৪ | ১৩ | ৩ | ২,৩১,২৫,২৭১ | ৭,৪৫২ |
| ২০১৫ | - | ৮ | ১,৬৪,২১,৯৬২ | ৫১৮ |
| ২০১৬ | - | - | ১৩,৮৮,১৫০ | ৭০ |
| **মোট টাকাঃ ১২৪৩,৩৩,৯৭,৯২৫.০০** | | | | |

(৩) **মানবপাচার রোধ।** গত ০৭ বছরে মানবপাচার রোধ অভিযানে ধৃত বোট/ট্রলার এবং পাচাররত জনবল এর পরিসংখ্যান নিম্নরূপঃ

| সাল | ধৃত বোট/ট্রলার | পাচাররত জনবল |
|---|---|---|
| ২০০৯ | - | - |
| ২০১০ | - | - |
| ২০১১ | - | - |
| ২০১২ | ০২ টি | ৪৪ জন |
| ২০১৩ | ০১ টি | ২৪ জন |
| ২০১৪ | ০৩ টি | ৬৬৫ জন |
| ২০১৫ | ০২ টি | ১৩৮ জন |

জ। **বঙ্গোপসাগরে Search and Rescue (SAR)।** মালয়েশিয়ার এয়ারলাইন্স এর যাত্রীবাহি বিমান (এমএইচ-৩৭০) ২২৭ জন যাত্রী এবং ১২ জন ক্রু নিয়ে নিখোঁজ হলে জাহাজ ও যাত্রীদের অনুসন্ধানের নিমিত্তে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে নৌবাহিনী বঙ্গোপসাগরে গত ১৪ মার্চ হতে ১১ মে ২০১৪ পর্যন্ত Search and Rescue (SAR) অপারেশন্স পরিচালনা করে। এ অপারেশনে বানৌজা বঙ্গবন্ধু, ওমর ফারুক, সমুদ্র জয়, বিজয়, এস আর আমিন, তুরাগ, সুরভী, শাপলা এবং মেরিটাইম পেট্রোল এয়ার ক্রাফট (এমপিএ-৮৩০৬) অনুসন্ধান অভিযানে অংশগ্রহণ করে।

ঝ। **উদ্ধার অভিযান।** বর্তমান সরকারের গত ০৭ (সাত) বছরে বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক গুরুত্বপূর্ণ উদ্ধার অভিযানের বিবরণ নিম্নরূপঃ

| সাল | উদ্ধার তৎপরতার বিবরণ |
|---|---|
| ২০০৯ | ক। গত ২১ এপ্রিল ২০০৯ তারিখে বানৌজা সৈকত এবং সোয়াডস চট্টগ্রামে বয় নং-১ ও ২ এর মাঝে নিমজ্জিত এমভি সেভেন সার্কেল-২৫ এর ১১ জন ক্রু কে জীবিত উদ্ধার।<br>খ। গত ১৬ জুন ২০০৯ তারিখে বানৌজা মেঘনা, বানৌটা খাদেম, রূপসা, বিএনএফসি বলবান এবং জরিপবোট বিমান বাহিনীর ধ্বংস হওয়া বিমানের ধ্বংসাবশেষ উদ্ধারে সমর্থ হয়।<br>গ। গত ০৮ আগস্ট ২০০৯ তারিখে বানৌজা আবু বকর সেন্টমার্টিন্স এর নিকট ১ মাস যাবৎ ভাসতে থাকা শ্রীলংকার মাছ ধরার নৌকা এফবি দুষান্তা এবং ৪ জন জেলেকে জীবিত উদ্ধার। |

| সাল | উদ্ধার তৎপরতার বিবরণ |
|---|---|
| ২০১০ | গত ৩০ অক্টোবর ২০১০ তারিখে সিরাজগঞ্জের কাউখালিতে ক্র্যাশ হওয়া বাংলাদেশ বিমানের পাইলট এর মৃতদেহ উদ্ধার। |
| ২০১১ | গত ২৬ অক্টোবর ২০১১ তারিখে কর্ণফুলি নদীর কাপ্তাই নতুন বাজার এলাকায় চট্টগ্রাম কমার্স কলেজের ২ জন ডুবন্ত শিক্ষার্থীর মৃতদেহ উদ্ধার। |
| ২০১২ | গত ০৮ ফেব্রুয়ারি ২০১২ তারিখে মুন্সিগঞ্জের গজারিয়ায় ডুবন্ত লঞ্চ থেকে ১০ জন এবং ১৩ মার্চ ২০১২ তারিখে একই এলাকায় ডুবন্ত লঞ্চ থেকে ৫৫ জনের মৃতদেহ উদ্ধার। |
| ২০১৩ | গত ২৪ এপ্রিল ২০১৩ তারিখে বাংলাদেশ নৌবাহিনীর মেডিক্যাল এবং ডুবুরীদল সাভারে রানা প্লাজা দূর্ঘটনার উদ্ধার কার্যে অংশগ্রহণ। |
| ২০১৪ | গত ০৪ আগস্ট ২০১৪ তারিখে বাংলাদেশ নৌবাহিনীর ডুবুরীদল, বানৌজা শাহ পরান এবং এলসিভিপি-১২ মুন্সিগঞ্জের মাওয়া ঘাঁটের নিকট ডুবে যাওয়া লঞ্চ এমভি পিনাক-৬ এর উদ্ধার অভিযানে অংশগ্রহণ। |
| ২০১৫ | গত ২৯ জুন ২০১৫ তারিখে চট্টগ্রামের পতেঙ্গায় বহিঃনোঙ্গর এলাকায় বাংলাদেশ বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান এফ-৭ বিধ্বস্ত এবং নিখোঁজ হওয়া পাইলট উদ্ধারে বানৌজা অতন্দ্র, মধুমতি, সুরভী, অনুসন্ধানের জরীপ বোট, নৌবাহিনীর ডুবুরী এবং সার্ভে টিম অংশগ্রহণ করে। |

ঞ। **<u>প্রশিক্ষণ</u>**। গত ০৭ (সাত) বছরে বাংলাদেশ নেভাল একাডেমীসহ অন্যান্য নৌ প্রশিক্ষণ ঘাঁটিতে শ্রীলংকা, কাতার, নাইজেরিয়া, প্যালেস্টাইন, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান, সৌদি আরব ও সুদানসহ বিশ্বের অন্যান্য দেশ থেকেও প্রশিক্ষণার্থী হিসেবে বিভিন্ন পদবীর কর্মকর্তা ও নাবিক আগমন করেন। প্রশিক্ষণের আঙ্গিকে এ কারণে বিশ্ব পরিমন্ডলে একদিকে যেমন বাংলাদেশ নৌ বাহিনী তথা বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হচ্ছে তেমনি বাংলাদেশ সরকার বিদেশী অর্থ উপার্জন করছে ঃ

(১) ২০০৯ সাল থেকে এ পর্যন্ত প্রায় ৪০০ জন বিভিন্ন পদবীর বিদেশী প্রশিক্ষণার্থী বাংলাদেশ নৌবাহিনীতে প্রশিক্ষণ গ্রহণ করেছে। বিদেশীদের প্রশিক্ষণ প্রদান বাবদ বিভিন্ন দেশ হতে এ পর্যন্ত মোট টাকা ২৭ কোটি পাওয়া গিয়াছে এবং টাকা ৫ কোটি প্রাপ্তির বিষয়ে প্রক্রিয়াধীন রয়েছে।

(২) কাতার কোস্টগার্ড বাংলাদেশ নৌবাহিনীর প্রশিক্ষণ ও নৌ সদস্যদের দক্ষতায় আকৃষ্ট হয়ে তাদের কোস্টগার্ডে বাংলাদেশ নৌবাহিনীর ১০০ সদস্যকে প্রেষণে নিয়োগ দেয়া হয়েছে।

ট। **<u>নৌবাহিনী পরিচালিত শিপইয়ার্ড সমূহের মাধ্যমে সকল প্রকার জলযান নির্মাণ/মেরামত</u>**। বাংলাদেশ নৌবাহিনী পরিচালিত শিপইয়ার্ডসমূহে ইতিমধ্যে আন্তর্জাতিক মানের বাণিজ্যিক জাহাজসহ যুদ্ধজাহাজ নির্মাণ ও মেরামতকার্যে সক্ষমতা অর্জন করেছে এবং ভবিষ্যতে ফ্রিগেট নির্মাণের পরিকল্পনা রয়েছে। ইতিমধ্যে খুলনা শিপইয়ার্ডে ২০১৩ সালে ৫টি প্যাট্রোল ক্রাফট তৈরী করা হয়েছে এবং বর্তমানে ২টি লার্জ প্যাট্রোল ক্রাফট নির্মানাধীন রয়েছে। এছাড়াও নারায়ণগঞ্জ ডকইয়ার্ডে ২০১৫ সালে ২টি এলসিটি ও ২টি এলসিইউ নির্মাণ করা হয়েছে।

ঠ। **<u>স্বাধীনতা পদক</u>**। মহান স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদান এবং দেশের জলসীমায় স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় নিরলসভাবে দায়িত্ব পালনের জন্য গত ২৪ মার্চ ২০১৬ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক **'জনসেবায়'** বাংলাদেশ নৌবাহিনীকে **'স্বাধীনতা পুরস্কার-২০১৬'** প্রদান করা হয়। উল্লেখ্য ২০১২ সালে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিষয়ে শহীদ লেঃ কমান্ডার মোয়াজ্জম হোসনকে স্বাধীনতা পুরস্কার ২০১২ (মরণোত্তর) পদক প্রদান করা হয়।

ড। **<u>খেলাধূলা</u>**। গত ০৭ বছরে বাংলাদেশ নৌবাহিনীর খেলাধূলার ক্ষেত্রে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে অর্জন নিম্নরূপ ঃ

(ক) **<u>জাতীয় পর্যায়</u>**।

| ক্রমিক | ইভেন্ট | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| (১) | সাঁতার | জাতীয় সাঁতার প্রতিযোগিতা | ২০১১, ২০১৩ ও ২০১৪ সালে **চ্যাম্পিয়ন।** ২০১০ সালে রানার আপ। |
| | | আন্তঃবাহিনী সাঁতার প্রতিযোগিতা | ২০১১ ও ২০১৩ সালে **চ্যাম্পিয়ন।** ২০১৫ সালে রানার আপ। |
| (২) | ওয়াটারপোলো | জাতীয় ওয়াটারপোলো প্রতিযোগিতা | ২০১০ সালে **চ্যাম্পিয়ন।** ২০১১, ২০১২, ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালে রানার আপ। |
| | | আন্তঃবাহিনী ওয়াটারপোলো প্রতিযোগিতা | ২০১৩ সালে **চ্যাম্পিয়ন।** ২০১১ ও ২০১৫ সালে রানার আপ। |
| (৩) | বাস্কেটবল | জাতীয় বাস্কেটবল প্রতিযোগিতা | ২০১০, ২০১২, ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালে **চ্যাম্পিয়ন।** ২০১১ সালে রানার আপ। |
| | | আন্তঃবাহিনী বাস্কেটবল প্রতিযোগিতা | ২০১০ ও ২০১৪ সালে **চ্যাম্পিয়ন।** ২০১২ সালে রানার আপ। |
| (৪) | ভলিবল | জাতীয় ভলিবল প্রতিযোগিতা | ২০১২ ও ২০১৫ সালে রানার আপ। |
| | | আন্তঃবাহিনী ভলিবল প্রতিযোগিতা | ২০১০ ও ২০১২ সালে রানার আপ। |

| ক্রমিক | ইভেন্ট | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| (৫) | ফুটবল | আন্তঃবাহিনী ফুটবল প্রতিযোগিতা | ২০১০ সালে **চ্যাম্পিয়ন।** ২০১২ ও ২০১৪ সালে রানার আপ। |
| (৬) | এ্যাথলেটিক্স | জাতীয় এ্যাথলেটিক্স প্রতিযোগিতা | ২০১৪ সালে **চ্যাম্পিয়ন।** |
| | | আন্তঃবাহিনী এ্যাথলেটিক্স প্রতিযোগিতা | ২০১১ ও ২০১৩ সালে রানার আপ। |
| (৭) | ক্বিরাত ও আযান | ক্বিরাত ও আযান প্রতিযোগিতা | ২০১০, ২০১১, ২০১৪ ও ২০১৫ সালে **চ্যাম্পিয়ন।** ২০১২, ২০১৩ ও ২০১৬ সালে রানার আপ। |
| (৮) | হকি | জাতীয় হকি প্রতিযোগিতা | ২০১৬ সালে চ্যাম্পিয়ন। ২০১৫ সালে রানার আপ। |
| (৯) | ফেন্সিং | জাতীয় ফেন্সিং প্রতিযোগিতা | ২০১৩ ও ২০১৬ সালে রানার আপ। |
| (১০) | দাবা | জাতীয় দাবা প্রতিযোগিতা | ২০১৪ সালে **চ্যাম্পিয়ন।** ২০১৩ ও ২০১৬ সালে রানার আপ। |
| | | কিউ ব্লিজ আন্তর্জাতিক রেটিং দাবা প্রতিযোগিতা | ২০১৪ সালে **চ্যাম্পিয়ন।** |
| (১১) | কাবাডি | জাতীয় কাবাডি প্রতিযোগিতা | ২০১৫ ও ২০১৬ সালে **চ্যাম্পিয়ন।** |
| | | আন্তঃবাহিনী কাবাডি প্রতিযোগিতা | ২০১০ ও ২০১৩ সালে রানার আপ। |

(খ) **আন্তর্জাতিক পর্যায়ঃ**

| ক্রমিক | ইভেন্ট | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| (১) | সাঁতার | ১১তম এসএ গেমস ২০১০ | নৌবাহিনী সাতার দলের ০৬ জন খেলোয়াড় জাতীয় দলের হয়ে অংশগ্রহণ করে ০১ টি রৌপ্য পদক এবং ০৩টি ব্রোঞ্জ পদক অর্জন করে। |
| | | ১২তম এসএ গেমস | নৌবাহিনী সাঁতার দলের ১১ জন খেলোয়াড় জাতীয় দলের হয়ে অংশগ্রহণ করে **০২ টি স্বর্ণ পদক** এবং ১০টি ব্রোঞ্জ পদক অর্জন করে। |
| | | দূরপাল্লার সাঁতার প্রতিযোগিতা (ভারত) | ৮১কিঃমি ইভেন্টে **০১ টি স্বর্ণ** এবং ১৯ কিঃমি ইভেন্টে ০১টি রৌপ্য পদক অর্জন করে। |
| | | আন্তজার্তিক দূরপাল্লার সাঁতার প্রতিযোগিতা ২০১৪ (মুর্শিদাবাদ, ভারত) | ৮১কিঃমি সাঁতারে ব্রোঞ্জ পদক অর্জন করে। |
| | | আন্তজার্তিক দূরপাল্লার সাঁতার প্রতিযোগিতা ২০১৫ (মুর্শিদাবাদ, ভারত) | ৮১কিঃমি সাঁতারে **স্বর্ণ পদক** ও ১৯ কিমি সাঁতারে ব্রোঞ্জ পদক অর্জন করে। |
| (২) | বাস্কেটবল | ১১তম এসএ গেমস ২০১০ | নৌবাহিনী বাস্কেটবল দলের ০৩ জন খেলোয়াড় জাতীয় দলের হয়ে অংশগ্রহণ করে ৩য় স্থান অর্জন করে। |
| | | সাউথ এশিয়ান আন্তজার্তিক থ্রি অন থ্রি বাস্কেটবল প্রতিযোগিতা ২০১৩ | নৌবাহিনী বাস্কেটবল দলের ০২ জন খেলোয়াড় জাতীয় দলের হয়ে অংশগ্রহণ করে এবং বাংলাদেশ বাস্কেটবল দল **চ্যাম্পিয়ন** হওয়ার গৌরব অর্জন করে। |
| | | সাউথ এশিয়ান (সাবা) আন্তজার্তিক বাস্কেটবল প্রতিযোগিতা ২০১৩ | নৌবাহিনী বাস্কেটবল দলের ০৩ জন খেলোয়াড় জাতীয় দলের হয়ে অংশগ্রহণ করে এবং বাংলাদেশ বাস্কেটবল দল **চ্যাম্পিয়ন** হওয়ার গৌরব অর্জন করে। |
| | | শহীদ শেখ কামাল আন্তজার্তিক বাস্কেটবল প্রতিযোগিতা ২০১৩ | নৌবাহিনী বাস্কেটবল দলের ০৩ জন খেলোয়াড় জাতীয় দলের হয়ে অংশগ্রহণ করে এবং বাংলাদেশ বাস্কেটবল দল **চ্যাম্পিয়ন** হওয়ার গৌরব অর্জন করে। |
| | | সাউথ এশিয়ান (সাবা) আন্তজার্তিক বাস্কেটবল প্রতিযোগিতা ২০১৪ | নৌবাহিনী বাস্কেটবল দলের ০২ জন খেলোয়াড় জাতীয় দলের হয়ে অংশগ্রহণ করে এবং বাংলাদেশ বাস্কেটবল দল রানার আপ হওয়ার গৌরব অর্জন করে। |
| (৩) | ফুটবল | ১২তম এসএ গেমস ২০১৬ | নৌবাহিনী দলের ০১ জন মহিলা ফুটবল খেলোয়াড় জাতীয় দলের হয়ে অংশগ্রহণ করে ব্রোঞ্জ পদক অর্জন করে। |

| ক্রমিক | ইভেন্ট | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| (৪) | এ্যাথলেটিক্স | ১১তম এসএ গেমস ২০১০ | নৌবাহিনী এ্যাথলেটিক্স দলের ০৬ জন খোলোয়াড় জাতীয় দলের পক্ষে অংশগ্রহণ করে ০১ টি ব্রোঞ্জ পদক অর্জন করে। |
| | | ১২ম এসএ গেমস ২০১৬ | নৌবাহিনী এ্যাথলেটিক্স দলের ১৩ জন খোলোয়াড় জাতীয় দলের পক্ষে অংশগ্রহণ করে ০২ টি ব্রোঞ্জ পদক অর্জন করে। |
| | | ৩৬ তম মার্স্টার্স এ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ ২০১৫ (ভারত) | পোল ভোল্ট ইভেন্টে ০১টি এবং ৫কিঃমি হাঁটায় **০১ টি স্বর্ণ** পদক অর্জন করে। |
| | | ডিস্ট্রিক মার্স্টার এ্যাথলেটিক্স অ্যাসোসিয়েশন ও স্টেট ব্যাংগল ইন্ডিয়া ২০১৫ | ১০০মিঃ ও ২০০মিঃ দৌড়ে ০২ টি রৌপ্য এবং **০২ কিঃমি হাঁটায় স্বর্ণ পদক** অর্জন করে। |
| | | মার্স্টার এ্যাথলেটিক্স অ্যাসোসিয়েশন ডাব্লিউ. বি. ইন্ডিয়া ২০১৫ | ১০০মিঃ দৌড়ে ও লং জাম্পে ০২ টি স্বর্ণ এবং **০৫ কিমি হাঁটায় স্বর্ণ** পদক অর্জন করে। |
| (৫) | হকি | ১২ম এসএ গেমস ২০১৬ | নৌবাহিনী হকি দলের ০৯ জন খোলোয়াড় জাতীয় দলের পক্ষে অংশগ্রহণ করে ব্রোঞ্জ পদক অর্জন করে। |
| (৬) | দাবা | এশিয়ান ক্লাব কাপ দাবা প্রতিযোগিতা | নৌবাহিনী দাবা দলের ০৫ জন খোলোয়াড় জাতীয় দলের পক্ষে অংশগ্রহণ করে প্রতিযোগিতায় নৌবাহিনীর ০১ জন প্রতিযোগী **০১ টি স্বর্ণ** পদক অর্জন করে। |
| | | এশিয়ান ক্লাব কাপ দাবা প্রতিযোগিতা ২০১৪ (আল আইন, সংযুক্ত আরব আমিরাত) | নৌবাহিনী দাবা দলের সঃ সংখ্যা ২০১৪০০১১ খন্দকার আমিনুল ইসলাম, পিও (মিউজ) ব্যক্তিগত ইভেন্টে **০১ টি স্বর্ণ পদক** অর্জন করে। |
| (৭) | কাবাডি | ১১তম এসএ গেমস ২০১০ | নৌবাহিনী কাবাডি দলের ০২ জন খোলোয়াড় জাতীয় দলের পক্ষে অংশগ্রহণ করে ব্রোঞ্জ পদক অর্জন করে। |
| | | ১২ম এসএ গেমস ২০১৬ | নৌবাহিনী কাবাডি দলের ০৩ জন খোলোয়াড় জাতীয় দলের পক্ষে অংশগ্রহণ করে ব্রোঞ্জ পদক অর্জন করে। |

ঢ। **আন্তর্জাতিক অঙ্গনে নৌবাহিনীর অর্জন**। গত ০৭ বছরে বাংলাদেশ নৌবাহিনীর আন্তর্জাতিক অঙ্গনে নৌবাহিনীর অভূতপূর্ব অর্জন সাধিত হয়েছে ঃ

| ক্রমিক | বিষয় | অর্জন |
|---|---|---|
| (১) | Indian Ocean Naval Symposium (IONS) | Blue Economy বাস্তবায়নে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে ফলপ্রসু নীতি প্রণয়নের ব্যাপারে ভারত মহাসাগরীয় অঞ্চলের সর্ববৃহৎ জোট Indian Ocean Naval Symposium (IONS) এর ৫ম দ্বিবার্ষিক আন্তর্জাতিক সম্মেলন বাংলাদেশ নৌবাহিনীর ব্যবস্থাপনায় গত ১১-১৩ জানুয়ারি ২০১৬ ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে ১২টি দেশের নৌপ্রধানসহ ৩২টি দেশের প্রতিনিধি অংশগ্রহণ করে। এ সম্মেলনে ভারত মহাসাগরীয় অঞ্চলের মেরিটাইম নিরাপত্তা ও পারস্পরিক সহযোগিতামূলক সম্পর্ক উন্নয়নে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। |
| (২) | North Indian Ocean Hydrographic Commission (NIOHC) | হাইড্রোগ্রাফি সেক্টরে ভারত মহাসাগরীয় উপকূলীয় দেশসমূহের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উন্নয়ন ও পেশাগত সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে গত ১৪-১৬ মার্চ ২০১৬ তারিখে চট্টগ্রামে ১৬-তম North Indian Ocean Hydrographic Commission (NIOHC) এর একটি কনফারেন্স অনুষ্ঠিত হয়। |
| (৩) | **আন্তর্জাতিক নটিক্যাল চার্ট প্রস্তুত** | গত ২৮ মে ২০১০ UKOH এবং বাংলাদেশ নৌবাহিনীর মধ্যে নটিক্যাল চার্ট প্রস্তুত এবং বিপণন সংক্রান্ত একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়। চুক্তি মোতাবেক বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক প্রকাশিত চার্ট UKOH কর্তৃক মুদ্রণ এবং বিপণনের ফলে অর্জিত অর্থের একটি নির্দিষ্ট অংশ Royalty হিসাবে বাংলাদেশ প্রতি বৎসর উল্লেখযোগ্য পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করছে। |

ণ। **শুভেচ্ছা সফর।** বাংলাদেশ নৌবাহিনীর জাহাজ বিশ্বের বিভিন্ন দেশে অনুষ্ঠিত শুভেচ্ছা সফর/এক্সারসাইজে অংশগ্রহণ করে আসছে। গত ০৭ (সাত) বছরের চিত্র নিম্নরূপঃ

| ক্রমিক | সাল | বিবরণ |
|---|---|---|
| (১) | ২০০৯ | গত ২০০৯ সালে সিঙ্গাপুরে অনুষ্ঠিত এক্সারসাইজ 'ইমডেক্স এশিয়া' এ বাংলাদেশ নৌবাহিনী জাহাজ তুরাগসহ বিশ্বের অন্যান্য দেশের আরও ০৬টি যুদ্ধ জাহাজ অংশগ্রহণ করে। |

| ক্রমিক | সাল | বিবরণ |
|---|---|---|
| (২) | ২০১০ | গত ২০১০ সালে ভারতের আন্দামানে বাংলাদেশসহ বিশ্বের ০৭টি দেশের নৌবাহিনীর ০৮টি যুদ্ধ জাহাজ 'এক্সারসাইজ মিলান-২০১০' এ অংশগ্রহণ করে। উক্ত এক্সারসাইজে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ কপোতাক্ষ অংশগ্রহণ করে। |
| (৩) | ২০১১ | গত ২০১১ সালে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ ধলেশ্বরী মালয়েশিয়ায় অনুষ্ঠিত 'এক্সারসাইজ লিমা-২০১১' এ অংশগ্রহণ করে। |
| (৪) | ২০১২ | গত ২০১২ সালে ভারতের আন্দামানে বাংলাদেশসহ বিশ্বের ০৭টি দেশের নৌবাহিনীর ০৮টি যুদ্ধ জাহাজ 'এক্সারসাইজ মিলান-২০১২' এ অংশগ্রহণ করে। উক্ত এক্সারসাইজে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ করতোয়া অংশগ্রহণ করে। এছাড়া কাতারে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ বঙ্গবন্ধুসহ বিশ্বের অন্যান্য ০৪টি দেশের জাহাজ 'এক্সারসাইজ ফেরোসাস ফ্যালকন-২০১২' এ অংশগ্রহণ করে। |
| (৫) | ২০১৩ | গত ২০১৩ সালে পাকিস্তানে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ গোমতিসহ বিশ্বের অন্যান্য আরও ১২টি দেশের যুদ্ধ জাহাজ 'এক্সারসাইজ আমান-২০১৩' এ অংশগ্রহণ করে। এছাড়া ২০১৩ সালে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ ধলেশ্বরী বিশ্বের অন্যান্য আরও ০৯টি দেশের যুদ্ধ জাহাজ মালয়েশিয়ায় অনুষ্ঠিত 'এক্সারসাইজ লিমা-২০১৩' এ অংশগ্রহণ করে। |
| (৬) | ২০১৪ | গত ০৪ থেকে ০৯ ফেব্রুয়ারি ২০১৪ বিএনএস সাঙ্গু 'এক্সারসাইজ মিলান ২০১৪' তে অংশগ্রহণ করেছে। এছাড়া বানৌজা সাঙ্গু ভারত ও মায়ানমার এবং বানৌজা আবু বকর চায়না ও থাইল্যান্ড শুভেচ্ছা সফর করে। |
| (৭) | ২০১৫ | গত ২০১৫ সালে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ আবু বকর মালয়েশিয়া, মায়ানমান এবং বানৌজা সমুদ্র জয় শ্রীলংকা, কাতার, কুয়েত, বাহরাইন ও ভারত সফর করে। এছাড়া বানৌজা ধলেশ্বরী মালয়েশিয়া ও সিঙ্গাপুর সফর করে। |
| (৮) | ২০১৬ | **চলতি এপ্রিল ২০১৬** মাসে ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত WPNS ও IFR –এ বাংলাদেশ নৌবাহিনীতে সদ্য কমিশনপ্রাপ্ত যুদ্ধজাহাজ বানৌজা সমুদ্র অভিযান অংশগ্রহণ করে। |

ত। **ত্রাণ সামগ্রী বিতরণ।** নৌবাহিনী আজ বিশ্বের বন্ধুভাবাপন্ন দেশে দুর্যোগেকালীন মানবিক সহায়তা ও ত্রাণ বিতরণে অগ্রনী ভূমিকা পালন করছে। গত কয়েক বছরে নৌবাহিনীর জাহাজসমূহ মালদ্বীপ,শ্রীলংকা,ফিলিপাইন ইত্যাদি দেশে দুর্যোগকালীন মানবিক সাহায্য ও ত্রাণ বিতরণে অংশগ্রহণের মাধ্যমে দেশের জন্য সুনাম ও প্রশংসা অর্জন করেছে। উল্লেখ্য, গত ২৯ নভেম্বর ২০১৩ তারিখে ফিলিপাইনে প্রলয়ংকারী টাইফুন 'হাইয়ান' এ ক্ষতিগ্রস্থ জনগণের জন্য মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারের নির্দেশক্রমে বানৌজা সমুদ্র জয় ইউএস ডলার ১,২৫,০০০.০০ এর সমমূল্যের ত্রাণ সামগ্রী নিয়ে ফিলিপাইনের ম্যানিলা বন্দরে পৌছায় (সুপেয় পানিসহ)। এতে দু'দেশের মধ্যে দ্বি-পাক্ষিক ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক সুদৃঢ় হয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ নৌবাহিনীর ভাবমূর্তি বহুলাংশে বৃদ্ধি পায়।

থ। **বিবিধ।** গত ০৭ বছরে বাংলাদেশ নৌবাহিনীর বিবিধ খাতের অগ্রগতি নিম্নরূপ ঃ

(১) নৌসদরে নৌপ্রধানের জন্য নতুন **মাল্টিপারপাস অফিস** নির্মাণ এবং ঢাকাস্থ ধামালকোট এলাকায় **নেভি হাউজ** নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

(২) নৌবাহিনীর ক্যাডেটদের মানসম্মত প্রশিক্ষণ ও আবাসন ব্যবস্থা যুগোপযোগী করতে একটি পরিপূর্ণ আধুনিক নেভাল একাডেমি স্থাপনের লক্ষ্যে বার্ষিক কর্মসূচির আওতায় বাংলাদেশ নেভাল একাডেমিতে **বঙ্গবন্ধু কমপ্লেক্স** নির্মাণ প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পটির কাজ ডিসেম্বর ২০১৭ এর মধ্য সমাপ্ত হবে বলে আশা করা যায়।

(৩) বানৌজা হাজী মহসীনে এমটি পুল, অফিস, ক্লাসরুম ও অন্যান্য সুবিধাসহ প্রায় ৮০০ নাবিক বসবাস এর জন্য **১৪ তলা বিশিষ্ট একটি মাল্টিপারপাস ভবন** নির্মাণ কাজ চলমান রয়েছে। পাশাপাশি ঢাকা নৌ অঞ্চলে অফিসার ও নাবিকদের জন্য ০২টি ১৫ তলা পারিবারিক বাসস্থান, জেসিও/নাবিকদের জন্য ৮৪টি বাসস্থান, বেসামরিক কর্মচারীদের জন্য ০১টি ৬ তলা তলা বাসস্থান, চট্টগ্রাম নৌ অঞ্চলে অফিসার, জেসিও ও নাবিকদের জন্য ০৩টি ১৫ তলা বাসস্থান, ব্যাচেলর অফিসারদের জন্য ০১টি ৬ তলা মেস, বানৌজা ঈসাখানে ০১টি ক্যাপ্টেন হাউজ, অফিসারদের জন্য ০১টি ১০ তলা বাসস্থান এবং বানৌজা নির্ভিক ও সোয়াডস সেন্টারের জন্য নাবিক নিবাস নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

(৪) শান্তিকালীন অভিযান (এন্টি স্মাগলিং) এ গত ০৭ বছরে অননুমোদিত/অবৈধ ট্রলার/ফিশিং বোট মোট ১০০টি এবং ধৃত চোরাকারবারী ২৬৫ জন। এছাড়াও ডাকাতি কার্যে নিয়োজিত ১৭টি বোট/ট্রলার এবং ধৃত ডাকাত/জলদস্যু ৪১ জন।

(৫) বর্তমান সরকারের সময়ে বাংলাদেশ নৌবাহিনীতে **তথ্য প্রযুক্তি** খাতে উন্নতি সাধিত হয়েছে। ইতিমধ্যে Human Resource Management System Software, Inventory Management Software, Accounting and Financial Management Software System, Online Officer Cadet Recruitment System এবং Budget Management Software ইত্যাদি চালু করা হয়েছে।



E:\D-15\7-years reports\NAVY.doc

(৬) চিটাগাং ড্রাইডক লিঃ (সিডিডিএল) বাংলাদেশ নৌবাহিনীর নিকট হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয় এবং গত ২৩ ডিসেম্বর ২০১৫ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উক্ত প্রতিষ্ঠানটি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। উক্ত প্রতিষ্ঠানে সকল ধরনের জাহাজ মেরামতসহ ফ্রিগেট নির্মাণের পরিকল্পনা রয়েছে।

২। অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধসহ প্রেরণ করা হল।

এম সোহেল আজম
কমান্ডার বিএন
পক্ষে পরিচালক

বিতরণঃ
বহিস্থঃ
কার্যঃ

সিনিয়র সচিব - ই-মেইলের মাধ্যমে।
প্রতিরক্ষা মন্ত্রণালয় (ডি-১৫)
গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা
**(দৃষ্টি আকর্ষণঃ জনাবা আফিয়া খাতুন, যুগ্মসচিব)**

অন্তস্থ ঃ
অবগতি ঃ

নৌ তথ্য ও প্রযুক্তি পরিদপ্তর - সূত্র ক পত্রের নির্দেশনা মোতাবেক প্রতিবেদনটি নৌবাহিনীর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।